



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮৫৬৬

তারিখ : ২/১২/১৪

বিষয় : বিজ্ঞান শাখার পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধিসহ স্বীকৃতি প্রদান

সূত্র : কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ০৩/১১/২০১৪ তারিখে নথির ৫৭ (ক) নং অনুচ্ছেদে অনুমোদন

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন ইদ্রিস মোল্লা ডিগ্রী কলেজ-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শাখার নিম্ন বর্ণিত বিষয় সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১-০৭-২০০১ হতে ৩০-০৬-২০০৫ খ্রি. পর্যন্ত বৃদ্ধি এবং ০১-০৭-২০০৫ হতে ৩০-০৬-২০১৭ খ্রি. পর্যন্ত স্বীকৃতি প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) বিজ্ঞান শাখা : পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত।

শর্তাবলী :

- ১) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ২) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে।
- ৩) জনবল কার্টামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না।
- ৪) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ৫) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ৬) জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে।
- ৭) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৮) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।

০১.১২.১৪

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

ইদ্রিস মোল্লা ডিগ্রী কলেজ

ডাকঘরঃ কালাইয়া

উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি